# কার্বাসিড
**কুরছ রুবার্ব**

**বর্ণনা:** কার্বাসিড একটি ইউনানি ওষুধ যা প্রাকৃতিকভাবে মূল্যবান ঔষধি গাছ এবং খনিজ পদার্থের সাথে মিশ্রিত। ক্যাপসুল কার্বাসিডে উপস্থিত সোডিয়াম বাই-কার্বনেট হল ক্ষারীয় প্রকৃতির যা তাৎক্ষণিকভাবে হাইড্রোক্লোরিক এসিডকে প্রশমিত করে। কার্বাসিড হাইপার অ্যাসিডিটি, বদহজম, ডিসপেপসিয়া, আন্ত্রিক বেদনা, পেট ফাঁপা, বমি বমি ভাব, বমি এবং কোষ্ঠকাঠিন্যের বিরুদ্ধে কার্যকর।

**উপাদানঃ** প্রতিটি ক্যাপসুলে রয়েছে নিম্নোক্ত উপাদান সমূহঃ

| ক্র.নং | উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমান |
|---|---|---|---|
| ১ | রেউচিনি | *Rheum emodi* | ১৯৫ মিগ্রা |
| ২ | খাবার সোডা | Sodium Bi-Carbonate | ৯৭ মিগ্রা |
| ৩ | আদা শুঁঠ | *Zingiber officinale* | ৩২.৫ মিগ্রা |
| ৪ | অন্যন্য উপাদান | | প্রয়োজনমত |

সুত্রঃ কুরছ রুবার্ব, বা.জা.ই.ফ।

**কার্বাসিড ক্যাপসুলে ব্যবহৃত উপাদান সমূহের সংক্ষিপ্ত ফার্মাকোলজিঃ**

1. **রেউচিনি (*Rheum emodi*)**: রেউচিনি হল কার্বাসিড ক্যাপসুলের প্রধান সক্রিয় উপাদান। রেউচিনির অন্যতম সক্রিয় রাসায়নিক উপাদান হল মুক্ত এনথ্রাকুইনোন এবং তার উপজাত গ্লাইকোসাইডস্ সমূহ। রেউচিনিতে বিদ্যমান এনথ্রাকুইনোন মেথিসিলিন রেসিস্ট্যান্ট ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকর, যার মধ্যে রয়েছে হেলিকোব্যক্টর পাইলোরি যা পেপটিক আলসার তৈরির অন্যতম কারণ। এছাড়া রেউচিনি কোষ্ঠকাঠিন্য, আন্ত্রিক বেদনা চিকিৎসার জন্য ব্যবহার করা হয়।

2. **খাবার সোডা ($NaHCO_3$)**: এটি একটি ক্ষারীয় উপাদান। পাকস্থলি হতে নিঃসৃত হাইড্রোক্লোরিক এসিডের সংস্পর্শে আসা মাত্র এটি নিরপেক্ষ যৌগ লবণ ও পানি উৎপাদনের মাধ্যমে অম্লকে নিস্ক্রিয় করে।

3. **আদা শুঁঠ (*Zingiber officinale*):** আদা একটি অত্যন্ত পরিচিত এবং মূল্যবান ঔষধি গুন সম্পন্ন ভেষয উদ্ভিদ। আদার প্রধান সক্রিয় রাসয়নিক উপাদান হল জিঞ্জেরল, জিঞ্জিবেরিন এবং শোগাওল যা বদহজম, পেট ফাঁপা, বমি বমি ভাব, বমি ইত্যাদির চিকিৎসায় কার্যকর।

**রোগ নির্দেশনাঃ** বায়ুজনিত পেটব্যথা, বদহজম, পেট ফাঁপা এবং কোষ্ঠকাঠিন্য।

**সেবনমাত্রা ও সেবনবিধিঃ** একটি ক্যাপসুল প্রতিদিন ২-৩ বার খাবার পর এবং কোষ্ঠকাঠিন্য এর ক্ষেত্রে হালকা গরম পানির সাথে অথবা চিকিৎসকের নির্দেশ অনুযায়ী সেবন করুন।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভবতী এবং স্তন্যদানকারী মহিলাদের জন্য নিরাপদ।

**পার্শ্বপ্রতিক্রিয়াঃ** এখন পর্যন্ত এতে কোন বিষাক্ততা বা পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

**সংরক্ষণঃ** সরাসরি সূর্যালোক থেকে দূরে, শীতল ও শুষ্ক জায়গায় সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**সরবরাহঃ** প্রতিটি বক্সে রয়েছে ৫০ টি ক্যাপসুল অ্যালু- অ্যালু ব্লিস্টার প্যাকে।

**প্রস্তুতকারকঃ**

IBN SINA

দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানি বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।